রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক
প্রধান কার্যালয়, রাজশাহী।
কেন্দ্রীয় হিসাব বিভাগ-১
www.rakub.org.bd

সততার কোন বিকল্প নেই, দুর্নীতির সাথে আপোষ নহে।
সহজ শর্তে কৃষি ঋণ, বদলে যাবে সবার দিন।

"মুজিব বর্ষের প্রতিশ্রুতি
রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংকের অগ্রগতি"

প্রকা/কেহিবি-১/সার্কুলার নং-০৪/২০২০ তারিখ : ২৩.০৬.২০২০।

সকল জোনাল ব্যবস্থাপক
সহকারী মহাব্যবস্থাপক
ঢাকা কর্পোরেট শাখা, ঢাকা/এলপিও, রাজশাহী
সকল শাখা ব্যবস্থাপক (জোনাল কার্যালয়ের মাধ্যমে)
রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক।

বিষয় : নভেল করোনা ভাইরাস (COVID-19) এর প্রার্দুভাবের কারণে সৃষ্ট ব্যবসায়িক পরিস্থিতি বিবেচনায় ব্যাংক ঋণ/বিনিয়োগের উপর আরোপিত/আরোপযোগ্য সুদ/মুনাফা সুদবিহীন ব্লকড হিসাবে স্থানান্তর প্রসঙ্গে।

প্রিয় মহোদয়

উপর্যুক্ত বিষয়ে ঋণ ও অগ্রিম বিভাগ-১, রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক, প্রধান কার্যালয়, রাজশাহী এর ১৩.০৫.২০২০ তারিখে পত্র নং-প্রকা/ঋওঅবি-১/৩৬৩(COVID-19)/২০১৯-২০২০/১২০২ এবং ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ, বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা'র ১০-০৬-২০২০ তারিখের বিআরপিডি সার্কুলার নং-১২ এর প্রতি সংশ্লিষ্ট সকলের দৃষ্টি আকর্ষণ করা হলো (সংযুক্তি-ক)।

০২। ঋণ ও অগ্রিম বিভাগ-১ এর পত্র নং-১২০২, তারিখ : ১৩-০৫-২০২০ এর নির্দেশনা মোতাবেক সকল ঋণের এপ্রিল ও মে/২০২০ মাসের সুদ/মুনাফা সুদবিহীন ব্লকড হিসাবে স্থানান্তর করার নির্দেশনা দেয়া হয়। পরবর্তীতে বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা'র বিআরপিডি সার্কুলার নং-১২, তারিখ: ১০.০৬.২০২০ এর অনুচ্ছেদ নং ৩(গ) এর মাধ্যমে সকল ঋণ মানের (UC, SS, DF ও BL) পরিবর্তে শুধুমাত্র অশ্রেণীকৃত (UC) ঋণের সুদ/মুনাফা আয়খাতে স্থানান্তর করা যাবে মর্মে নীতিমালা জারী করা হয়েছে। এক্ষেত্রে, ঋণ ও অগ্রিম বিভাগ-১ এর পত্র নং-১২০২, তারিখ : ১৩-০৫-২০২০ এর নির্দেশনা মোতাবেক যেসব ঋণের এপ্রিল ও মে/২০২০ মাসের সুদ/মুনাফা সুদবিহীন ব্লকড হিসাবে স্থানান্তর করা হয়েছে সেসব ঋণের সুদ রিভার্স করে ব্লকড হিসাব নিম্নোক্তভাবে শূণ্য করতে হবে ;

প্রক্রিয়া	ডেবিট	ক্রেডিট
IBS	৫৩ (Interest on Loan blocked for COVID-19)	১৩১/২৯ (Blocked Interest Receivable for COVID-19)
CBS	9010442005000 (Interest on Loan blocked for COVID-19)	9020701039000 (Blocked Interest Receivable for COVID-19)

০৩। বিআরপিডি সার্কুলার নং-১২, তারিখ ১০-০৬-২০২০ এর অনুচ্ছেদ নং ৩ এর নির্দেশনার বিষয়বস্তু নিম্নরূপ :

ক) ব্যাংকের ৩১ মার্চ, ২০২০ তারিখ ভিত্তিক ঋণ/বিনিয়োগ এর সকল অশ্রেণীকৃত ঋণের এপ্রিল ও মে/২০২০ মাসের আরোপিত সুদ/মুনাফা আয় খাতে হিসাবায়ন করতে হবে;

খ) উক্ত ২(দুই) মাসের সুদ/মুনাফা নিম্নোক্ত হারে সরকারের নিকট হতে আদায় সাপেক্ষে গ্রাহক পর্যায়ে মওকুফ কার্যকর করতে হবে :

গ্রাহক পর্যায়ে ঋণ/বিনিয়োগ স্থিতি (৩১ মার্চ, ২০২০ তারিখ ভিত্তিক)	মওকুফের পরিমাণ/হার (এপ্রিল ও মে/২০২০ মাস)
১.০০(এক) লক্ষ টাকা পর্যন্ত	সম্পূর্ণ সুদ মওকুফ (অশ্রেণীকৃত ঋণের সুদ/মুনাফা হার সর্বোচ্চ ৯%)
১.০০(এক) লক্ষ টাকার অধিক কিন্তু ১০.০০(দশ) লক্ষ টাকা পর্যন্ত	বার্ষিক ২%
১০.০০(দশ) লক্ষ টাকার অধিক	বার্ষিক ১% হারে তবে গ্রাহক প্রতি সর্বোচ্চ ১২.০০(বার) লক্ষ টাকা পর্যন্ত

গ) মওকুফ কার্যকর করার পর যে পরিমাণ সুদ/মুনাফা অবশিষ্ট থাকবে, তার folio ভিত্তিক হিসাবের রেজিষ্টার সংরক্ষণ করতে হবে। মওকুফ অবশিষ্ট সুদ মাসিক সমকিস্তিতে/গ্রাহক-ব্যাংক সম্পর্কের ভিত্তিতে জুলাই/২০২০ হতে জুন/২০২১ সময়ে আদায় করতে হবে। চলমান ঋণ/বিনিয়োগ হিসাবের ক্ষেত্রে মওকুফ অবশিষ্ট আদায়যোগ্য সুদ/মুনাফা অনুমোদিত সীমাতিরিক্ত লিমিট হিসেবে গণ্য হবে; যা নবায়নের ক্ষেত্রে আদায়/সমন্বয় করতে হবে। মওকুফ অবশিষ্ট সুদ/মুনাফার উপর ৩০ জুন, ২০২১ তারিখ পর্যন্ত কোনভাবেই পুনরায় সুদ/মুনাফা আরোপ করা যাবে না।

ঘ) ব্যাংকের প্রাপ্য সুদ/মুনাফা ভর্তুকির পরিমাণ বাংলাদেশ ব্যাংক হতে নিশ্চিত হওয়ার পর গ্রাহক পর্যায়ে সুদ/মুনাফা মওকুফ কার্যকর হবে।

চলমান পাতা-০২

ঙ) কোন ঋণ/বিনিয়োগের বিপরীতে মওকুফযোগ্য সুদ/মুনাফা ইতোমধ্যে আদায় করা হয়ে থাকলে তা সংশ্লিষ্ট ঋণ/বিনিয়োগ গ্রহিতাকে ফেরত প্রদান/সমন্বয় করতে হবে ;

চ) ভবিষ্যতে পরিদর্শন/নিরীক্ষার সুবিধার্থে এতদসংক্রান্ত নথি/কাগজপত্র (folio ভিত্তিক) উক্ত সুদ/মুনাফা ভর্তুকি প্রাপ্তির অন্যূন ০২ (দুই) বছর পর্যন্ত যথাযথভাবে সংরক্ষণ করতে হবে;

০৪। উপরোল্লিখিত অনুচ্ছেদ নং-০৩ এর আলোকে শাখাসমূহকে সুদ/মুনাফা মওকুফ কার্যকর করার ক্ষেত্রে নিম্নবর্ণিত হিসাবায়ন পদ্ধতি অনুসরণ করতে হবে :

(ক) হিসাবায়ন পদ্ধতি-০১ (অনুচ্ছেদ নং-০৩ এর 'ক' অনুসারে) :

বিবরণ	প্রক্রিয়া	ডেবিট	ক্রেডিট
শাখার সকল অশ্রেণীকৃত ঋণের এপ্রিল ও মে/২০২০ মাসের সমুদয় সুদ আয় খাতে স্থানান্তর	IBS	১৩১/৩০ (Interest Receivable for COVID-19 for April & May/2020)	৪৬/১ (Interest on loan)
	CBS	9020701040000 (Interest Receivable for COVID-19 for April & May/2020)	9030101001000 (ঋণের সুদের সংশ্লিষ্ট কোড অনুসারে)

(খ) হিসাবায়ন পদ্ধতি-০২ (অনুচ্ছেদ নং-০৩ এর 'খ' অনুসারে) :

বিবরণ	প্রক্রিয়া	ডেবিট	ক্রেডিট
১.০০ লক্ষ টাকা পর্যন্ত ঋণের প্রস্তাবকৃত ১০০% সুদ মওকুফ (ঋণের সুদ/মুনাফা হার সর্বোচ্চ ৯%)	IBS	১৩১/৩১ (Interest Remission up to tk. 1.00 lac loan)	১৩১/৩০ (Interest Receivable for COVID-19 for April & May/2020)
	CBS	9020701041000 (Interest Remission up to tk. 1.00 lac loan)	9020701040000 (Interest Receivable for COVID-19 for April & May/2020)
১.০০ লক্ষ টাকার অধিক কিন্তু ১০.০০ লক্ষ টাকা পর্যন্ত ঋণের প্রস্তাবকৃত ২% সুদ মওকুফ	IBS	১৩১/৩২ (Interest Remission above tk. 1.00 lac to tk. 10.00 lac loan)	১৩১/৩০ (Interest Receivable for COVID-19 for April & May/2020)
	CBS	9020701042000 (Interest Remission above tk. 1.00 lac to tk. 10.00 lac loan)	9020701040000 (Interest Receivable for COVID-19 for April & May/2020)
১০.০০ লক্ষ টাকার অধিক ঋণের প্রস্তাবকৃত ১% সুদ মওকুফ (গ্রাহক প্রতি সর্বোচ্চ ১২.০০ লক্ষ টাকা)	IBS	১৩১/৩৩ (Interest Remission above tk. 10.00 lac loan)	১৩১/৩০ (Interest Receivable for COVID-19 for April & May/2020)
	CBS	9020701043000 (Interest Remission above tk. 10.00 lac loan)	9020701040000 (Interest Receivable for COVID-19 for April & May/2020)

(গ) হিসাবায়ন পদ্ধতি-০৩ (অনুচ্ছেদ নং-০৩ এর 'গ' অনুসারে মওকুফ অবশিষ্ট অর্থ আদায় হলে):

প্রক্রিয়া	ডেবিট	ক্রেডিট
IBS	৭১ (Cash)	১৩১/৩০ (Interest Receivable for COVID-19 for April & May/2020)
CBS	9020101001000 (Cash)	9020701040000 (Interest Receivable for COVID-19 for April & May/2020)

(ঘ) হিসাবায়ন পদ্ধতি-০৪ (অনুচ্ছেদ নং-০৩ এর 'ঙ' অনুসারে)/অত্র পরিপত্রের আওতায় সুদ মওকুফযোগ্য ঋণ হিসাব; যা ইতোমধ্যে সম্পূর্ণ আদায়পূর্বক বন্ধ করা হয়েছে এরূপ ক্ষেত্রে:

প্রক্রিয়া	ডেবিট	ক্রেডিট
IBS	১৩১/২৯-(Blocked Interest for COVID-19 Receivable)	৫৩-(Interest on Loan blocked for COVID-19)**
CBS	9020701039000 (Blocked Interest for COVID-19 Receivable)	9010442005000 (Interest on Loan blocked for COVID-19)**

** বাংলাদেশ ব্যাংক কর্তৃক সুদ মওকুফের বিষয়ে নিশ্চিয়তা প্রদান সাপেক্ষে ঋণ গ্রহিতার আবেদনের প্রেক্ষিতে উক্ত টাকা গ্রাহককে নগদে প্রদান করতে হবে। এক্ষেত্রে অবশ্যই folio ভিত্তিক manual রেজিস্টার সংরক্ষণ করতে হবে।

চলমান পাতা-০৩

০৫। এছাড়াও নিম্নোক্ত বিষয়াবলী সতর্কতার সাথে পরিপালন নিশ্চিত করতে হবে :

ক) মওকুফযোগ্য সুদ ভর্তুকি পাওয়ার জন্য বাংলাদেশ ব্যাংকে আগামী ১৫-০৭-২০২০ তারিখের মধ্যে আবেদন করতে হবে। তাই শাখাসমূহ ০৫-০৭-২০২০ তারিখের মধ্যে "সংযুক্তি-খ" অনুযায়ী প্রতিবেদন সংশ্লিষ্ট জোনাল কার্যালয়ে প্রেরণ করবে। জোনাল ব্যবস্থাপকগণ শাখাসমূহের প্রতিবেদনের সঠিকতা নিরূপণপূর্বক একীভূত বিবরণী ১০-০৭-২০২০ তারিখের মধ্যে আবশ্যিকভাবে প্রধান কার্যালয়ের কেন্দ্রীয় হিসাব বিভাগ-১ এ প্রেরণ করবেন। উল্লেখ্য, সুদ ভর্তুকির আবেদনের ক্ষেত্রে ০৪নং অনুচ্ছেদে বর্ণিত স্মারণী 'খ' ও 'ঘ' এর সমষ্টি মওকুফ ও ভর্তুকিযোগ্য সুদ হিসেবে গণ্য করতে হবে।

খ) ক্রেডিট কার্ড এবং অফসোর ব্যাংকিং ইউনিট ও এডি শাখা হতে বৈদেশিক মুদ্রায় প্রদত্ত ঋণ/বিনিয়োগের ক্ষেত্রে এ নীতিমালা প্রযোজ্য হবে না। উক্ত ঋণ/বিনিয়োগের উপর এপ্রিল ও মে/২০২০ মাসে আরোপিত সুদ/মুনাফা বিদ্যমান নীতিমালা অনুযায়ী আয়খাতে স্থানান্তর ও আদায় করতে হবে;

গ) সুদ মওকুফ কার্যকর করার লক্ষ্যে এসংক্রান্ত হিসাবায়ন সঠিকভাবে সম্পাদন করতে হবে; যাতে এতদবিষয়ে বাংলাদেশ ব্যাংক নিরীক্ষা দল কর্তৃক কোন আপত্তি উত্থাপিত না হয়;

০৬। এ নির্দেশনা অবিলম্বে কার্যকর হবে। এতদবিষয়ে কোন ব্যাখ্যার প্রয়োজন হলে অত্র বিভাগের সাথে সরাসরি যোগাযোগ করা যেতে পারে।

আপনাদের বিশ্বস্ত

২৮/০৬/২০২০

(মোঃ মজনুর রহমান)
সহকারী মহাব্যবস্থাপক
(বিভাগীয় দায়িত্বে)
ফোন : ০২৪৭-৮৬০৫৩২

পত্র নং-প্রকা/কেহিবি-১/২৬/২০১৯-২০২০/১২২৯৬(৪০৩)/৫৭ তারিখ : ঐ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরিত হলো :

১। চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, পর্ষদ সচিবালয়, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
২। ষ্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
৩। ষ্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
৪। ষ্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
৫। মহাব্যবস্থাপক মহোদয়ের ষ্টাফ অফিসার, রাকাব, বিভাগীয় কার্যালয়, রাজশাহী/রংপুর।
৬। সচিব/সকল উপ-মহাব্যবস্থাপক/বিভাগীয় প্রধান, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
৭। বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, রাকাব, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়, রাজশাহী/রংপুর।
৮। প্রকল্প পরিচালক, এসইসিপি, উপশহর, রাজশাহী।
৯। অধ্যক্ষ, প্রশিক্ষণ ইনষ্টিটিউট, রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক, রাজশাহী।
১০ উপ-মহাব্যবস্থাপক, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী। জারীকৃত পরিপত্রটি ব্যাংকের ওয়েবসাইটে আপলোডের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ করা হলো। এছাড়া CBS ও IBS প্রক্রিয়ায় পরিচালিত শাখাসমূহের ক্ষেত্রে আলোচ্য পরিপত্রে বর্ণিত হিসাবায়ন পদ্ধতি বাস্তবায়নে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্যও অনুরোধ করা হলো।
১১ সকল জোনাল নিরীক্ষা কর্মকর্তা, রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক।
১২ অফিস নথি/ মহানথি।

২৮/৬/২০২০
(মোঃ মিজানুর রহমান)
মুখ্য কর্মকর্তা
০২৪৭-৮৬০৫২১/ ৮৬০৫১৬।

" সংযুক্তি: ক "

Website: www.bb.org.bd

ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ
বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
ঢাকা।

বিআরপিডি সার্কুলার নং-১২

তারিখ: ২৭ জ্যৈষ্ঠ ১৪২৭
১০ জুন ২০২০

ব্যবস্থাপনা পরিচালক/ প্রধান নির্বাহী
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক।

প্রিয় মহোদয়,

নভেল করোনা ভাইরাস (COVID-19) এর প্রাদুর্ভাবের কারণে সৃষ্ট ব্যবসায়িক পরিস্থিতি বিবেচনায় ব্যাংক ঋণ/বিনিয়োগের উপর আরোপিত সুদ/মুনাফা সুদবিহীন ব্লকড হিসাবে স্থানান্তর প্রসঙ্গে।

শিরোনামোক্ত বিষয়ে ০৩ মে ২০২০ তারিখে জারিকৃত বিআরপিডি সার্কুলার নং-১১ এবং ০৪ মে ২০২০ তারিখে জারিকৃত বিআরপিডি সার্কুলার লেটার নং-২৩ এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

২। নভেল করোনা ভাইরাসের কারণে সৃষ্ট পরিস্থিতি বিবেচনায় উক্ত সার্কুলারের মাধ্যমে ৩১ মার্চ ২০২০ তারিখ ভিত্তিক গ্রাহক পর্যায়ে ঋণ/বিনিয়োগ স্থিতির উপর ০১ এপ্রিল ২০২০ তারিখ হতে ৩১ মে ২০২০ তারিখ পর্যন্ত সময়ে আরোপিত সুদ/মুনাফা সুদবিহীন ব্লকড হিসাবে স্থানান্তর করার নির্দেশনা প্রদান করা হয়। তাছাড়া, পরবর্তী নির্দেশনা না দেয়া পর্যন্ত ব্লকড হিসাবে স্থানান্তরিত সুদ/মুনাফা সংশ্লিষ্ট ঋণ/বিনিয়োগ গ্রহিতার নিকট হতে আদায় করা যাবে না এবং এরূপ সুদ/মুনাফা ব্যাংকের আয়খাতে স্থানান্তর করা যাবে না মর্মেও নির্দেশনা প্রদান করা হয়।

৩। এক্ষণে, উল্লিখিত নির্দেশনা অনুযায়ী সুদবিহীন ব্লকড হিসাবে রক্ষিত সুদ/মুনাফা ব্যাংকের আয়খাতে স্থানান্তরসহ আদায়ের ক্ষেত্রে নিম্নবর্ণিত নীতিমালা অনুসরণ করার জন্য আপনাদেরকে নির্দেশনা প্রদান করা যাচ্ছেঃ

(ক) অত্র সার্কুলার এর অনুচ্ছেদ নং-৩(ট) এ বর্ণিত ঋণ/বিনিয়োগ ব্যতীত ৩১ মার্চ ২০২০ তারিখ ভিত্তিক অন্যান্য সকল অশ্রেণিকৃত ঋণ/বিনিয়োগের উপর নিম্নবর্ণিত হারে সুদ/মুনাফা মওকুফ করতে হবে ঃ

গ্রাহক পর্যায়ে ঋণ/বিনিয়োগ স্থিতি (৩১ মার্চ ২০২০ তারিখ ভিত্তিক)	মওকুফের পরিমাণ/হার (এপ্রিল ও মে ২০২০ মাসের জন্য)
১.০০ (এক) লক্ষ টাকা পর্যন্ত	সম্পূর্ণ সুদ মওকুফ (বিআরপিডি সার্কুলার নং-০৩/২০২০ অনুযায়ী ক্রেডিট কার্ড ব্যতীত অশ্রেণিকৃত ঋণের সুদ/মুনাফা হার সর্বোচ্চ ৯%)
১.০০ (এক) লক্ষ টাকার অধিক কিন্তু ১০.০০ (দশ) লক্ষ টাকা পর্যন্ত	বার্ষিক ২% হারে।
১০.০০ (দশ) লক্ষ টাকার অধিক	বার্ষিক ১% হারে তবে গ্রাহক প্রতি সর্বোচ্চ ১২.০০ (বার) লক্ষ টাকা পর্যন্ত

(খ) মওকুফকৃত সুদ/মুনাফা সরকার হতে ভর্তুকি হিসেবে ব্যাংকসমূহ প্রাপ্য হবে। তবে, সুদ/মুনাফা ভর্তুকি প্রাপ্যতার ক্ষেত্রে বিআরপিডি সার্কুলার নং-০৩/২০২০ এর নির্দেশনা অনুযায়ী ০১ এপ্রিল ২০২০ তারিখ হতে ক্রেডিট কার্ড ব্যতীত অন্যান্য সকল অশ্রেণিকৃত ঋণ/বিনিয়োগের উপর সুদ/মুনাফার হার সর্বোচ্চ ৯% কার্যকর নিশ্চিত করতে হবে।

(গ) সকল প্রকার অশ্রেণিকৃত ঋণ/বিনিয়োগের উপর এপ্রিল ও মে ২০২০ মাসে আরোপিত সুদ/মুনাফা বিদ্যমান নীতিমালা অনুযায়ী আয়খাতে স্থানান্তর করা যাবে।

চলমান পাতা/২

পূর্ব পৃষ্ঠার পর

(ঘ) ব্লকড হিসাবে স্থানান্তরিত মওকুফ অবশিষ্ট সুদ/মুনাফা জুলাই ২০২০ হতে জুন ২০২১ সময়ে মাসিক সমকিস্তিতে/গ্রাহকের নগদ প্রবাহ বিবেচনায় ব্যাংকার-গ্রাহক সম্পর্কের ভিত্তিতে আদায়যোগ্য হবে। তবে, যেসব ঋণ/বিনিয়োগ হিসাবের মাসিক কিস্তি (EMI) নির্ধারিত রয়েছে বা মেয়াদপূর্তি/সমন্বয়ের তারিখ জুন, ২০২১ এর পূর্বে নির্ধারিত রয়েছে সেসব ক্ষেত্রে উক্ত সুদ/মুনাফা ব্যাংকার-গ্রাহক সম্পর্কের ভিত্তিতে আদায় করা যাবে।

(ঙ) চলমান ঋণ/বিনিয়োগ হিসাবের ক্ষেত্রে মওকুফ অবশিষ্ট আদায়যোগ্য সুদ/মুনাফা অনুমোদিত সীমাতিরিক্ত লিমিট হিসেবে গণ্য হবে। এক্ষেত্রে ব্যাংকার-গ্রাহক সম্পর্কের ভিত্তিতে নবায়নের সময় উক্ত সুদ/মুনাফা সমন্বয় করা যাবে।

(চ) এপ্রিল ও মে ২০২০ মাসের মওকুফ অবশিষ্ট সুদ/মুনাফা আদায়ের নিমিত্তে সুদবিহীন ব্লকড হিসাবে সংরক্ষণ করার পরিবর্তে Interest Receivable A/C বা বিদ্যমান একাউন্টিং স্ট্যান্ডার্ড এর সাথে সামঞ্জস্য রেখে ব্যাংকের নিজস্ব নীতিমালা অনুযায়ী আলাদা হিসাবে সংরক্ষণ করতে হবে। এক্ষেত্রে, উক্ত সুদ/মুনাফার উপর ৩০ জুন ২০২১ তারিখ পর্যন্ত সময়ে কোনভাবেই পুনরায় সুদ/মুনাফা আরোপ/আদায় করা যাবে না।

(ছ) কোন ঋণ/বিনিয়োগের বিপরীতে মওকুফযোগ্য সুদ/মুনাফা ইতোমধ্যে আদায় করা হয়ে থাকলে তা সংশ্লিষ্ট ঋণ/বিনিয়োগ গ্রহিতাকে ফেরত প্রদান/সমন্বয় করতে হবে।

(জ) অনুচ্ছেদ নং-৩(ক) এ বর্ণিত পদ্ধতিতে মওকুফযোগ্য সুদ/মুনাফা হিসাবায়নপূর্বক প্রাপ্তির লক্ষ্যে সংশ্লিষ্ট ব্যাংকের ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্তৃক স্বাক্ষরিত নির্ধারিত ছক অনুযায়ী (সংযোজনী-ক) আবেদনপত্র বাংলাদেশ ব্যাংকের ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগে আগামী ১৫ জুলাই ২০২০ তারিখের মধ্যে দাখিল করতে হবে। ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ পরীক্ষান্তে উক্ত প্রাপ্য সুদ/মুনাফা একাউন্টস এন্ড বাজেটিং ডিপার্টমেন্ট এর মাধ্যমে বাংলাদেশ ব্যাংকের মতিঝিল অফিসের সাথে রক্ষিত সংশ্লিষ্ট ব্যাংকের চলতি হিসাবে জমা প্রদানপূর্বক যথাযথভাবে অবহিত করবে।

(ঝ) সংশ্লিষ্ট ব্যাংক তাদের প্রাপ্য সুদ/মুনাফা ভর্তুকির পরিমাণ বাংলাদেশ ব্যাংক হতে নিশ্চিত হওয়ার পর গ্রাহক পর্যায়ে সুদ/মুনাফা মওকুফ কার্যকর করবে।

(ঞ) ভবিষ্যতে পরিদর্শন/নিরীক্ষার সুবিধার্থে এতদ্‌সংক্রান্ত নথি/কাগজপত্র উক্ত সুদ/মুনাফা ভর্তুকি প্রাপ্তির পর অন্যূন ০২ (দুই) বছর যথাযথভাবে সংরক্ষণ করতে হবে।

(ট) অনুচ্ছেদ নং-৩(ক) হতে ৩(ঞ) এ বর্ণিত নির্দেশনা ক্রেডিট কার্ড এবং অফসোর ব্যাংকিং ইউনিট ও এডি শাখা হতে বৈদেশিক মুদ্রায় প্রদত্ত ঋণ/বিনিয়োগের ক্ষেত্রে প্রযোজ্য হবে না। উক্ত ঋণ/বিনিয়োগের উপর এপ্রিল ও মে ২০২০ মাসে আরোপিত সুদ/মুনাফা বিদ্যমান নীতিমালা অনুযায়ী আয়খাতে স্থানান্তর ও আদায় করা যাবে।

এ নির্দেশনা অবিলম্বে কার্যকর হবে।

ব্যাংক কোম্পানী আইন, ১৯৯১ এর ৪৫ ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এ নির্দেশনা জারি করা হল।

আপনাদের বিশ্বস্ত,

(মোঃ নজরুল ইসলাম)
মহাব্যবস্থাপক
ফোনঃ ৯৫৩০২৫২

সংযোজনী-ক

সূত্র: তারিখ:

মহাব্যবস্থাপক
ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ
বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়, ঢাকা।

প্রিয় মহোদয়,

বিষয় ঃ বিআরপিডি সার্কুলার নং-১২/২০২০ এর আওতায় এপ্রিল ও মে ২০২০ মাসের সুদ/মুনাফা বাবদ ভর্তুকী প্রদান প্রসঙ্গে।

শিরোনামোক্ত বিষয়ে ১০ জুন ২০২০ তারিখে জারিকৃত বিআরপিডি সার্কুলার নং-১২ এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণপূর্বক জানানো যাচ্ছে যে, উক্ত সার্কুলারে বর্ণিত নীতিমালার অনুযায়ী অত্র ব্যাংকের ৩১ মার্চ ২০২০ তারিখ ভিত্তিক ঋণ/বিনিয়োগের উপর এপ্রিল ও মে ২০২০ মাসের জন্য গ্রাহক পর্যায়ে মওকুফযোগ্য সুদ/মুনাফার পরিমাণ মোট -----------/-(কথায় -----------) টাকা নির্ণীত হয়েছে। এতদ্‌সংক্রান্ত তথ্যাদি আপনাদের অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নিমিত্তে নিম্নে উল্লেখ করা হলো ঃ

(টাকার অংকে)

গ্রাহক পর্যায়ে ঋণ/বিনিয়োগ স্থিতি (৩১ মার্চ ২০২০ তারিখ ভিত্তিক)	৩১ মার্চ ২০২০ তারিখ ভিত্তিক ঋণ/বিনিয়োগ সংক্রান্ত তথ্যাদি		এপ্রিল ও মে ২০২০ মাসের সুদ/মুনাফা মওকুফ সংক্রান্ত তথ্যাদি		
	ঋণগ্রহিতার সংখ্যা	ঋণ/বিনিয়োগের পরিমাণ	মোট সুদ/মুনাফা	মওকুফের হার	মওকুফকৃত সুদ/মুনাফার পরিমাণ
ক) ১.০০ (এক) লক্ষ টাকা পর্যন্ত					
খ) ১.০০ (এক) লক্ষ টাকার অধিক কিন্ত ১০.০০ (দশ) লক্ষ টাকা পর্যন্ত					
গ) ১০.০০ (দশ) লক্ষ টাকার উর্ধ্বে					
ঘ) উপ মোট (ক+খ+গ+ ---)					
ঙ) ক্রেডিট কার্ডের বিপরীতে প্রদত্ত ঋণ/বিনিয়োগ					
চ) অফসোর ইউনিটের আওতায় প্রদত্ত ঋণ/বিনিয়োগ					
(ছ)এডি শাখা হতে বৈদেশিক মুদ্রায় প্রদত্ত ঋণ					
জ) উপমোট (ঘ+ঙ+চ+ছ)					
ঝ) শ্রেণীকৃত ঋণ/বিনিয়োগের পরিমাণ					
ঞ) মোট ঋণ/বিনিয়োগ(জ+ঝ)*					

* মোট ঋণ/বিনিয়োগের পরিমাণ আবশ্যিকভাবে ৩১ মার্চ ২০২০ তারিখ ভিত্তিক স্টেটমেন্ট অফ অ্যাফেয়ার্স এবং সিএল বিবরণীর সাথে মিল থাকতে হবে।

এ মর্মে প্রত্যয়ন করা যাচ্ছে যে, অত্র ব্যাংক কর্তৃক বিআরপিডি সার্কুলার নং-০৩/২০২০ অনুযায়ী ১ এপ্রিল ২০২০ তারিখ হতে ঋণ/বিনিয়োগের ওপর সর্বোচ্চ ৯% সুদ/মুনাফার হার কার্যকর করা হয়েছে এবং উল্লিখিত সুদ/মুনাফা হিসাবায়নে ঋণ/বিনিয়োগের উপর সর্বোচ্চ ৯% সুদ/মুনাফার হার বিবেচনা করা হয়েছে। এ মর্মে আরো প্রত্যয়ন করা যাচ্ছে যে, উক্ত আবেদনে বর্ণিত মওকুফযোগ্য সুদ/মুনাফার হিসাবায়নসহ সকল তথ্য সঠিক এবং ভবিষ্যতে উল্লিখিত তথ্যের মধ্যে কোনো অসামঞ্জস্যতা বা ভুল পাওয়া গেলে আমরা দায়ী থাকব। বাংলাদেশ ব্যাংক হতে সুদ/মুনাফা ভর্তুকির পরিমাণ নিশ্চিত হওয়ার পর গ্রাহক পর্যায়ে সুদ/মুনাফা ভর্তুকি প্রদান করা হবে।

এক্ষণে, সার্কুলারে বর্ণিত নীতিমালা অনুযায়ী নির্ণিত মওকুফযোগ্য সুদ/মুনাফা বাবদ মোট --------- (কথায় -------) টাকা ভর্তুকি হিসেবে প্রদানের জন্য আপনাদের নিকট আবেদন করা হলো।

আপনাদের বিশ্বস্ত,
স্বাক্ষর:
নাম:
পদবী: ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী/বিদেশী ব্যাংকের ক্ষেত্রে বাংলাদেশ অপারেশনের প্রধান
ফোন নং:

হিসাবায়ন সংক্রান্ত বিষয়ে যে কোন যোগাযোগের জন্য
দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার নাম:
পদবী: ----------অফিস ফোন নং:----- , মোবাইল ফোন নং:---------, ই-মেইল:

" <u>সংযুক্তি-খ</u> "

(টাকার অংকে)

গ্রাহক পর্যায়ে ঋণ/বিনিয়োগ স্থিতি (৩১ মার্চ ২০২০ তারিখ ভিত্তিক)	৩১ মার্চ ২০২০ তারিখ ভিত্তিক ঋণ/বিনিয়োগ সংক্রান্ত তথ্যাদি		এপ্রিল ও মে ২০২০ মাসের সুদ/মুনাফা মওকুফ সংক্রান্ত তথ্যাদি		
	ঋণ গ্রহীতার সংখ্যা	ঋণ/বিনিয়োগের পরিমাণ	মোট সুদ/মুনাফ	মওকুফের হার	মওকুফকৃত সুদ/মুনাফার পরিমাণ
ক) ১.০০(এক) লক্ষ টাকা পর্যন্ত					
খ) ১.০০(এক) লক্ষ টাকার অধিক কিন্তু ১০.০০(দশ) লক্ষ টাকা পর্যন্ত					
গ) ১০.০০(দশ) লক্ষ টাকার অধিক					
ঘ) উপ-মোট (ক+খ+গ+.......)					
ঙ) ক্রেডিট কার্ডের বিপরীতে প্রদত্ত ঋণ/বিনিয়োগ					
চ) অফসোর ইউনিটের আওতায় প্রদত্ত ঋণ/বিনিয়োগ					
ছ) এডি শাখা হতে বৈদেশিক মুদ্রায় প্রদত্ত ঋণ					
জ) উপ-মোট (ঘ+ঙ+চ+ছ)					
ঝ) শ্রেণীকৃত ঋণ/বিনিয়োগের পরিমাণ					
ঞ) মোট ঋণ/বিনিয়োগ (জ+ঝ)*					

*মোট ঋণ/বিনিয়োগের পরিমাণ আবশ্যিকভাবে ৩১ মার্চ ২০২০ তারিখ ভিত্তিক স্টেটমেন্ট অফ অ্যাফেয়ার্স এবং সিএল বিবরণীর সাথে মিল থাকতে হবে।

এ মর্মে প্রত্যয়ন করা যাচ্ছে যে, অত্র ব্যাংক কর্তৃক বিআরডিপি সার্কুলার নং-০৩/২০২০ অনুযায়ী ১ এপ্রিল ২০২০ তারিখ হতে ঋণ/বিনিয়োগের উপর সর্বোচ্চ ৯% সুদ/মুনাফার হার কার্যকর করা হয়েছে এবং উল্লিখিত সুদ/মুনাফা হিসাবায়নে ঋণ/বিনিয়োগের উপর সর্বোচ্চ ৯% সুদ/মুনাফার হার বিবেচনা করা হয়েছে। এ মর্মে আরো প্রত্যয়ন করা যাচ্ছে যে, উক্ত আবেদনে বর্ণিত মওকুফযোগ্য সুদ/মুনাফার হিসাবায়নসহ সকল তথ্য সঠিক এবং ভবিষ্যতে উল্লিখিত তথ্যের মধ্যে কোনো অসামঞ্জস্যতা বা ভুল পাওয়া গেলে আমরা দায়ী থাকব। বাংলাদেশ ব্যাংক হতে সুদ/মুনাফা ভর্তুকির পরিমাণ নিশ্চিত হওয়ার পর গ্রাহক পর্যায়ে সুদ/মুনাফা ভর্তুকি প্রদান করা হবে।

এক্ষণে, সার্কুলারে বর্ণিত নীতিমালা অনুযায়ী নির্ণিত মওকুফযোগ্য সুদ/মুনাফা বাবদ মোট ------------- (কথায় ----------------) টাকা ভর্তুকি হিসেবে প্রদানের জন্য আপনাদের নিকট আবেদন করা হলো।

আপনাদের বিশ্বস্ত
স্বাক্ষর:
নাম:
পদবী: ব্যবস্থাপক/জোনাল ব্যবস্থাপক
ফোন:

<u>হিসাবায়ন সংক্রান্ত বিষয়ে যোগাযোগের জন্য</u>
দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার নাম:
পদবী................................অফিস ফোন নং ....
ই-মেইল ....